

## ছাত্রদলের বিলুপ্ত কমিটির আন্দোলন স্থগিত

১৮ জুন ২০১৯ ০২:১২


আপডেট: ১৮ জুন ২০১৯ ০২:২৩



# আমাদের শময়

কেন্দ্রীয় কমিটি বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার ও নতুন কমিটির সদস্য হওয়ায় বয়সসীমা বাতিলের দাবিতে করা আন্দোলন স্থগিত করেছে ছাত্রদলের বিলুপ্ত কমিটি। গতকাল সোমবার সার্চ কমিটির সদস্য বিএনপির যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকনের আশ্বাসে কর্মসূচি স্থগিত করেন তারা।

এর আগে বেলা ১১টা থেকে রাজধানীর নয়াপট্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ঘণ্টাধানেক বিক্ষোভ দেখান বিলুপ্ত কমিটির নেতারা।

advertisement

আন্দোলনকারীদের অন্যতম নেতা ইখতিয়ার রহমান কবির বলেন, ‘খোকন ভাই আমাদের আশ্চর্ষ করেছেন দুয়োকদিনের মধ্যে সমস্যার সমাধান করা হবে। তার আশ্বাসের ভিত্তিতেই কর্মসূচি স্থগিত করা হয়েছে।’